

কাজে স্বচ্ছতা আনতে এবার আবাসন দপ্তরের ওয়েবসাইট

আজকালের প্রতিবেদন: আবাসন দপ্তরের কাজে স্বচ্ছতা আনতে ওয়েবসাইট চালু করল রাজ্য সরকার। শুক্রবার মহাকরণের রোটাভায় ওয়েবসাইটটির উদ্বোধন করেন অর্থমন্ত্রী অমিত মিত্র। ছিলেন আবাসন মন্ত্রী অরূপ বিশ্বাস-সহ আবাসন পর্ষদের সহ-সভাপতি ডাঃ সুব্রত মৈত্র, হাউজিং স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান শীতল সর্দার, দপ্তরের সচিব উৎপল কুমার সেনগুপ্ত, কমিশনার অসীম কুমার দাস প্রমুখ। অনুষ্ঠানে অমিত মিত্র বলেন, ‘পশ্চিমবঙ্গ এমন একটা রাজ্য, যেখানে দুর্নীতি শূন্য (জিরো)’। কেউ আঙুল তুলে বলতে পারবে না ‘আমরা কোরাপশন করি’। আমাদের উদ্দেশ্য, স্বচ্ছতার সঙ্গে সাধারণের কাছে সরকারের কাজকর্ম পৌঁছে দেওয়া। আবাসন দপ্তর সম্পর্কে কিছু কিছু অভিযোগ এসেছে। খতিয়ে দেখছি। অভিযোগ সত্যি হলে কেউ ছাড় পাবে না। শাস্তি হবে। আমরা সাধারণ মানুষকে বিষয়টি জানিয়ে দেব। অরূপ বিশ্বাস বলেন,

ওয়েবসাইটের উদ্দেশ্য কাজে স্বচ্ছতা আনা। চেয়ারম্যান, মন্ত্রীর কোটা বলে কিছু নেই। তিনি বলেন, আমি নব মহাকরণে গিয়ে দেখেছি, কিছু বৃদ্ধ মানুষ চিঠি নিয়ে দাঁড়িয়ে আছেন। ২০০৯ সালে হাউজিং বোর্ডে ফ্ল্যাট ভাড়ার আবেদন করেছিলেন। পাননি। বিষয়টি গুরুত্ব দিয়ে অনুভব করেছি। পরিষ্কার বলে দিচ্ছি, যাঁরা আবেদন করেছেন পাবেন। কাউকে টপকে পাইয়ে দেওয়া যাবে না। আবেদন বাতিল হলে কেন হল, তা আবেদনকারীকে চিঠি দিয়ে জানিয়ে দেওয়া হবে। কারণও বলে দেওয়া হবে। মহাকরণ সূত্রে জানা গেছে, www.wbhousing.gov.in এবং www.wbhousingboard.in— সাইটে গিয়ে সাধারণ মানুষ জানতে পারবেন সরকারি ফ্ল্যাটের কোথায় কে আছেন, কোনটি খালি। দৃষ্টিহীনরাও সহজে ওয়েবসাইটটি ব্যবহার করতে পারবেন। দরপত্রের পাশাপাশি জমি, বাড়ি, ফ্ল্যাট বিলির ঘোষণাও করা হবে এখানে।